

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৯টি প্রতিষ্ঠানকে ১.২১ লক্ষ টাকা জরিমানা

৩১ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন জেলা কার্যালয়ের ৪ জন কর্মকর্তার
নেতৃত্বে নওগাঁ, যশোর, ভোলা ও বগুড়ায় আজ বাজার তদারকি করা হয়।

নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ এর মহাদেবপুর উপজেলায় ৩টি
প্রতিষ্ঠানকে ৩১,০০০/- (একত্রিশ হাজার) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে
যশোর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ২৫,০০০/- (পঞ্চিশ হাজার) টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ
নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার চরফ্যাশন উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং বগুড়া জেলা
কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলামের নেতৃত্বে বগুড়া সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫৫,০০০/- (পঞ্চাশ
হাজার) টাকাসহ মোট ১,১৬,০০০/- (এক লক্ষ ষাঁল হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, মেয়াদ উত্তীর্ণ পণ্য
বিক্রয় এবং পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত
মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে প্রিমিয়াম কাবাব এন্ড বিরিয়ানীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ
ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

আজকের ৪টি বাজার তদারকি ও ১টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৯টি প্রতিষ্ঠানকে মোট ১,২১,০০০/- (এক লক্ষ একশুণ
হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে অভিযোগকারীকে মৎ ১,২৫০/- (এক হাজার
দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।
সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্পেন্টের এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান
করে।

(ফাহমিনা আক্তার)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, রাজশাহী, খুলনা ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, নওগাঁ, যশোর, ভোলা ও বগুড়া।
- ৭। পুলিশ সুপার, নওগাঁ, যশোর, ভোলা ও বগুড়া।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা।
- ১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।